

## রাজধানীর বসুন্ধরায় হেরিটেজ কাবাব অ্যান্ড রেস্টুরেন্টের যাত্রা শুরু

- A Monitor Desk Report

Date: 20 January, 2026



ঢাকাঃ আধুনিক উপস্থাপনায় ভুলে খরার প্রত্যয়ে বসুন্ধরা আবাসিক এলাকার এ ব্লকে চালু হলো হেরিটেজ কাবাব অ্যান্ড রেস্টুরেন্ট। বাঙালির রসনা ও রুচিবোধের এক পরিশীলিত অভিজ্ঞতা উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ এই নতুন রেস্টুরেন্ট।

রবিবার (১৮ জানুয়ারি)এ রেস্টুরেন্টের উদ্বোধন করেন বসুন্ধরা গ্রুপের গ্রুপ ডিরেক্টর আহমেদ ইব্রাহিম সোবহান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কালের কণ্ঠের সম্পাদক হাসান হাফিজ, বসুন্ধরা গ্রুপের মিডিয়া অ্যাডভাইজার আবদুল বারী, ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরার (আইসিসিবি) প্রধান পরিচালন কর্মকর্তা এম এম জসীম উদ্দীন, বসুন্ধরা গ্রুপ ও আইসিসিবির উর্ধ্বতন কর্মকর্তা, গণমাধ্যমকর্মী এবং আমন্ত্রিত অতিথিরা।

অনুষ্ঠানে গ্রুপ ডিরেক্টর আহমেদ ইব্রাহিম সোবহান বলেন, বাংলার আবহমান স্বাদ ধরে রাখতে বসুন্ধরা গ্রুপের এই উদ্যোগ সর্বাঙ্গীণ সুন্দর হবে বলে আমার বিশ্বাস।

আইসিসিবি-এর প্রধান পরিচালন কর্মকর্তা এম এম জসীম উদ্দীন বলেন, ‘হেরিটেজ কাবাব অ্যান্ড রেস্টুরেন্টের প্রতিটি পদ তৈরি করা হয়েছে সময়ের পরিক্রমায় টিকে থাকা ঐতিহ্যবাহী রেসিপি আলাকারে। এখানে পরিমিত মসলার সঠিক ব্যবহার এবং প্রাচীন খাদ্য উপকরণের সুযম মেলবন্ধন বিশেষভাবে গুরুত্ব পেয়েছে।

প্রতিটি খাবার শুধু স্বাদেই নয়, বরং তার গন্ধ, ইতিহাস ও সংস্কৃতির মধ্য দিয়ে বাঙালির শিকড়ের সঙ্গে গভীরভাবে যুক্ত।’ রেস্টুরেন্টটির অভ্যন্তরীণ সাজসজ্জা, পরিবেশ ও খাবার পরিবেশনায় ফুটে উঠেছে বাংলার রন্ধন ঐতিহ্য, নান্দনিক সৌন্দর্য ও আন্তরিক আতিথেয়তার ছোঁয়া।

ফলে হেরিটেজ-এ আগত অতিথিরা কেবল একটি খাবারের অভিজ্ঞতা নয়, বরং বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের এক পূর্ণাঙ্গ ও পরিশীলিত অনুভূতির অংশ হতে পারছেন।

হেরিটেজ কাবাব অ্যান্ড রেস্টুরেন্ট এর ঠিকানা- প্লট নম্বর ৭৫-৭৬, ব্লক-এ, রোড-০১, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২১২ (তামান্না ফার্মেসির বিপরীতে)। রেস্টুরেন্ট খোলা থাকবে প্রতিদিন সকাল ৭টা থেকে রাত ১২টা পর্যন্ত।

-B